

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬২৯

অমরপুর, ২৮ অক্টোবর, ২০২৪

ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান  
জেলাশাসকের সভাপতিত্বে অমরপুরে সভা

অমরপুর মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে আজ ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান প্রকল্প রূপায়ণ নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা। সভায় জেলাশাসক জানান, ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান প্রকল্প ২০২৪ থেকে ২০২৯ সাল পর্যন্ত ৫ বছরে গ্রামীণ এলাকার জনজাতি অংশের মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে রূপায়িত হবে। জেলার ৭২টি মৌজার ৫৩৯টি পাড়াকে এই অভিযানের আওতায় আনা হবে। এই অভিযানে জনজাতি অধ্যুষিত এলাকাগুলিতে যোগাযোগ ব্যবস্থা, পানীয়জল, বিদ্যুৎ, শিক্ষা, স্বাস্থ্যক্ষেত্রের পরিকাঠামো উন্নয়ন, প্রধানমন্ত্রী আবাস যোজনায় পাকা আবাস এবং কৃষি, উদ্যান, মৎস্য ও প্রাণীসম্পদ বিকাশ কর্মসূচিতে জীবনযাত্রার মান উন্নয়নে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করা হবে। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক পাঠানলাল জমাতিয়া, বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধি ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

\*\*\*\*\*